


## করোনা ভাইরাস

২০১৯ সালের ৩১ ডিসেম্বরে চীনের উহান শহরে করোনা ভাইরাসের নতুন প্রজাতি SARS CoV-2 এর সংক্রমণ দেখা দেয়। এটি সংক্ষেপে COVID-19 নামেও পরিচিত। ধারণা করা হয়, নতুন এ প্রজাতিটি সাপ অথবা বাদুড় থেকে এসেছে। তবে বিজ্ঞানীরা এ বাপারে একমত নন। হাঁচি ও কাশির মাধ্যমে সৃষ্ট পানিকণার মাধ্যমে অথবা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসার ফলে অপর ব্যক্তিও আক্রান্ত হতে পারে।

করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের প্রাথমিক উপসর্গসমূহঃ

- জ্বর ।
- অবসাদ ।
- শুষ্ক কাশি ।
- বমি হওয়া ।
- শ্বাসকষ্ট ।
- গলা ব্যাথা ।
- অঙ্গ বিকল হওয়া ।
- মাথা ব্যাথা ।
- পেটের সমস্যা ।
- মুখের স্বাদ এবং নাকের ঘ্রাণ নেবার ক্ষমতা হারিয়ে যাওয়া ।
- Severe acute respiratory syndrome coronavirus 2 (SARS-CoV-2)



© Encyclopædia Britannica, Inc. করোনাভাইরাস (ছবিঃ ব্রিটানিকা)

**করোনার ভ্যাক্সিনঃ** ৮ ডিসেম্বর ২০২০ সালে ব্রিটেনে প্রথম করোনা ভাইরাসের ভ্যাকসিন দেয়া হয়।করোনার বর্তমান ভ্যাকসিনটি **বায়োনটেক-ফাইজার** ভ্যাকসিন নামে পরিচিত। যুক্তরাজ্যে প্রথম ব্যক্তি হিসেবে গ্রহণ করেন ৯১ বছর বয়সী নারী **মার্গারেট কিনান**। বলা হচ্ছে,করোনাভাইরাস প্রতিরোধে ৯৫ শতাংশ সক্ষম ফাইজার ভ্যাক্সিনটি।

সম্প্রতি ২৭ জানুয়ারি(২০২১) কুর্মিটোলা হাসপাতালের **সেবিকা রুনা ভেরোনিকা কস্তা**-কে কোভিশিল্ড ভ্যাকসিন প্রদানের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের করোনাভাইরাস টিকাদান কর্মসূচি উদ্বোধন করা হয়। ভারতের সিরাম ইন্সটিটিউটে তৈরি এই ভ্যাক্সিনের নামকরণ করা হয়েছে **“কোভিশিল্ড”**। পরবর্তীতে প্রধানমন্ত্রীর উপস্থিতিতে আরো চার জনকে টিকা প্রদান করা হয়। এদের মধ্যে ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক নাসিমা সুলতানাসহ আরো একজন ডাক্তার, একজন পুলিশ কর্মকর্তা এবং একজন সেনা কর্মকর্তা।



ভারতের সিরাম ইন্সটিটিউটে তৈরি ভ্যাক্সিন **“কোভিশিল্ড”** (ছবিঃ বিবিসি)

ইতোমধ্যে ২০ লাখ ডোজ টিকা বাংলাদেশে এসেছে ভারতের শুভেচ্ছা উপহার হিসেবে এবং ৫০ লাখ ডোজ টিকা এসেছে ভারতের সিরাম ইন্সটিটিউটের সাথে ক্রয়চুক্তি মোতাবেক। বাংলাদেশে বর্তমানে মোট ৭০ লাখ ডোজ ভ্যাক্সিন মজুদ আছে।

যুক্তরাষ্ট্রের Centre for Disease Control (CDC) এর ভাষ্যমতে, অতীতে যাদের কোন টিকা নেয়ার পর বড় ধরনের অ্যালার্জি হয়েছে বা কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয়েছে, তাদের টিকা নিতে হলে বিশেষ সতর্কতা নিতে হবে।

বিশেষ করে তাদের অবশ্যই টিকা নেয়ার আগে চিকিৎসকের পরামর্শ নিতে হবে বা কিছু পরীক্ষা-নিরীক্ষা করাতে হবে।  
তবে যাদের খাবার বা পরিবেশে বা মুখে খাবার ওষুধে অ্যালার্জি রয়েছে, তাদের টিকা নিতে কোন সমস্যা নেই।